

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
শৃঙ্খলা শাখা
Mefwd.gov.bd

নং-৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫২.২০- ২০৫

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৭
৬ ডিসেম্বর ২০২০

বিষয়: ডা. মো: মনোয়ারুল হক, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), রায়পুরা, নরসিংদী এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরণ।

অভিযোগনামা

আপনি ডা. মো: মনোয়ারুল হক, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), রায়পুরা, নরসিংদী ইমপ্রেস্ট ফান্ড থেকে মালামাল ক্রয়ের ক্ষেত্রে তাৎক্ষণিক ইমপ্রেস্ট ফান্ড থেকে খরচ করে পরবর্তীতে নির্ধারিত কোডে বরাদ্দ এনে সমন্বয়ের বিধান থাকলেও আপনি তা করেননি। এমনকি কী কী মালামাল ক্রয় করা হয়েছে তারও কোন তথ্য কোথাও সংরক্ষিত নেই;

২। যেহেতু, আপনি দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতির জটিলতার বিলের ক্ষেত্রে উপজেলা, জেলা ও অধিদপ্তরের আর্থিক সীমা অনুযায়ী অনুমতি নেয়া এবং ইমপ্রেস্ট ফান্ড থেকে তাৎক্ষণিক খরচ করে নির্ধারিত কোডে বরাদ্দ এনে সমন্বয় করার বিধান থাকা সত্ত্বেও আপনি অনুমতি গ্রহণ করেননি এবং সমন্বয়ের বিধান অনুসরণ না করে হাজার হাজার টাকা উত্তোলন করেছেন;

৩। যেহেতু, আপনি ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরের ক্যাশ বহি উপস্থাপন করলেও বিল রেজিস্টার, ভাউচার এবং সেবা গ্রহণকারীর কোন তথ্য উপস্থাপন করতে পারেননি এবং এ দুই অর্থ বছরে যথাক্রমে ১৪,৬৯,২৭৫/- (চৌদ্দ লক্ষ উনসত্তর হাজার দুইশত পঁচাত্তর) টাকা এবং ২৭,০৮,৭২৫/- (সাতাশ লক্ষ আট হাজার সাতশত পঁচিশ) টাকা অনিয়ম/আত্মসাৎ করেছেন;


৪। যেহেতু, আপনি ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থ বছরে অনুন্নয়ন ও উন্নয়ন খাতের বিল রেজিস্টার, ভাউচার আংশিক উপস্থাপন করেন এবং সেবা গ্রহণকারীর কোন তথ্য উপস্থাপন করতে পারেননি এবং এ দুই অর্থ বছরে যথাক্রমে ২৭,৮৮,৭০৫/- (সাতাশ লক্ষ অষ্টাশি হাজার সাতশত পাঁচ) টাকা এবং ৭০,৪১,০৬৩/- (সত্তর লক্ষ একচল্লিশ হাজার তেষাট্টি) টাকা অনিয়ম/আত্মসাৎ করেছেন;

৫। যেহেতু, আপনি ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত সময়ের উন্নয়ন খাতের বিল ভাউচার এবং ক্যাশ বহি উপস্থাপন করেন। কিন্তু অনুন্নয়ন খাতের কোন ক্যাশ বহি ও সেবা গ্রহণকারীর কোন তথ্য উপস্থাপন করতে পারেননি এবং ২০১৯-২০২০ অর্থ বছরে ৩৬,২১,৫১২/- (ছত্রিশ লক্ষ একশ হাজার পাঁচশত বার) টাকা অনিয়ম/আত্মসাৎ করেছেন;

৬। যেহেতু, আপনি ২০১৫-১৬ থেকে ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্যাশ বহি এবং বিল ভাউচার ব্যতীত ১,৭৬,২৯,২৮০/- (এক কোটি ছিয়াত্তর লক্ষ উনত্রিশ হাজার দুইশত আশি) টাকা হিসাবরক্ষন অফিস থেকে উত্তোলন করে আত্মসাৎ করেছেন;

৭। যেহেতু, আপনার উপরোক্ত কার্যকলাপ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে এবং আপনার উক্ত কার্যকলাপ অসংগত ও চাকরির শৃঙ্খলার জন্য হানিকর। আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ এর (খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে দোষী হিসেবে গণ্য হওয়ার যোগ্য ও শাস্তিযোগ্য অপরাধ;

৮। সেহেতু, আপনার এহেন কার্যকলাপের জন্য আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি-৩ এর দফা (খ) ও (ঘ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালায় ৪ (৩) (ঘ) বিধি মোতাবেক 'চাকুরী হ্রাসের পরামর্শকরণ' দণ্ড প্রদান করা হবে না বা উপরোক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, সে সম্পর্কে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করতে হবে। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।


(মোঃ আলী নূর)
সচিব


ডা. মো: মনোয়ারুল হক
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)
রায়পুরা, নরসিংদী।

নং -৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫২.২০- ২০৫

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৭
৫৮ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
(তথ্যটি রেজিস্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নরসিংদী।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।


০৬/১২/২০২০
(উম্মে কুলসুম)
উপসচিব

ফোন: ৯৫৪৬৩৭৬

Email: disc1@mefwd.gov.bd